# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-06-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) কসবার সাউথ ক্যালকাটা ল-কলেজের ছাত্রীকে গণধর্ষণের অভিযোগে ধৃত তিনজনের চার দিনের পুলিশ হেফাজত।

২) কসবা গণধর্ষণকান্ডে পুলিশের বক্তব্য জানাতে নির্দেশ মহিলা কমিশনের।

এই ঘটনার প্রতিবাদে বিরোধী দলগুলির বিক্ষোভ আন্দোলনকে কেন্দ্র করে উত্তাল রাজ্য রাজনীতি। মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি করেছে বিজেপি।

২) কর্মীদের বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মেটানোর শীর্ষ আদালতের নির্দেশ পালনের জন্য আরও ৬ মাস সময় চেয়েছে রাজ্য সরকার। সুপ্রিম কোর্টে দায়ের হয়েছে স্পেশাল লিভ পিটিশন।

৩) চিরাচরিত উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে রাজ্যের বিভিন্ন প্রান্তে পালিত হচ্ছে রথযাত্রা উৎসব।

৪) কলকাতা লিগে ইস্টবেঙ্গল আজ ৭-১ গোলে মেসারার্সকে হারিয়ে দিয়েছে।

---

দক্ষিণ কলকাতার কসবার সাউথ ক্যালকাটা ল কলেজে ক্যাম্পাসের ভেতর এক পড়ুয়াকে গণধর্ষণের ঘটনায় তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। গত বুধবার কলেজের

ক্যাম্পাসের ভেতরেই এই ঘটনা ঘটে। ঐদিনই নির্যাতিতা তরুণী কসবা থানায় তিনজনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। এদের মধ্যে মূল অভিযুক্ত ঐ কলেজেরই প্রাক্তন ছাত্র, মনোজিত মিশ্র শাসকদলের ঘনিষ্ঠ। বাকি দুজন প্রমিত মুখোপাধ্যায় এবং জায়েব আহমেদ, ঐ কলেজেরই বর্তমান পড়ুয়া। নির্যাতিতার দাবি, ঐদিন সন্ধ্যা সাড়ে সাতটা থেকে রাত ১০ টা পর্যন্ত কলেজেরই একটি ঘরে তার ওপর অত্যাচার চলে। ন্যাশানাল মেডিকেল কলেজে তরুণীর শারীরিক পরীক্ষা করা হয়েছে। পুলিশ তার জবানবন্দীও নিয়েছে। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে শুরু হয়েছে তদন্ত। ফরেন্সিক টিম ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করেছে। আজ ধৃত তিন জনকে আলিপুর আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেফাজত হয়। কলেজ কর্তৃপক্ষ জানিয়েছে, মনোজিতকে গভর্নিং বডির সুপারিশে কলেজেরই অস্থায়ী কর্মী হিসাবে নিয়োগ করা হয়েছিল। অভিযুক্তদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে সাউথ ক্যালকাটা ল কলেজের ভাইস প্রিন্সিপ্যাল জানিয়েছেন।

ইতোমধ্যেই গণধর্ষণের ঘটনায় স্বতঃপ্রণোদিত হয়ে রিপোর্ট তলব করেছে জাতীয় মহিলা কমিশন। কমিশনের চেয়ারপার্সন বিজয়া রাহাতকার এব্যাপারে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মাকে চিঠি লিখে উদ্বেগ প্রকাশ করেছেন। পাশাপাশি তিনি ভারতীয় ন্যায় সংহিতার উপযুক্ত ধারায় ঐ ঘটনার সময়-নির্দিষ্ট তদন্ত এবং ধর্ষিতার মেডিক্যাল ও আইনি সহায়তা নিশ্চিত করতে নির্দেশ দিয়েছেন। এক্ষেত্রে কি পদক্ষেপ করা হচ্ছে, তা তিনদিনের মধ্যে বিস্তারিতভাবে রিপোর্ট আকারে জমা দিতে হবে।

এদিকে, আইন কলেজের ছাত্রীকে গনধর্ষনের ঘটনায় বিরোধী বিভিন্ন দল এর বিক্ষোভ আন্দোলনের জেরে আজ কসবা থানা লাগোয়া এলাকা রণক্ষেত্রের রূপ নেয়। বাম ছাত্র-যুব সংগঠনের কর্মি সমর্থকরা দুপুরের পর কসবা থানা ঘেরাও করলে

পুলিশের বিরুদ্ধে ব্যপক লাঠিচার্জের অভিযোগ। ডিসি সাউথ বিদিশা কলিতার নেতৃত্বে বিরাট পুলিশ বাহিনী সেখানে গেলে জটিল হয়ে উঠে পরিস্থিতি। পুলিশের লাঠির আঘাতে বেশ কয়েকজন বাম কর্মী সমর্থক আহত হনয়েছেন। আঘাত লাগে কয়েকজন পুলিশ কর্মীরও। এসএফআই আজ কলকাতা বিশ্ববিদ্যালয়ের সামনে পথ অবরোধ করে বিক্ষোভ দেখায়।

ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফোরাম সহ চিকিৎসকদের কয়েকটি সংগঠনও আজ কসবা থানার সামনে বিক্ষোভ দেখিয়েছে। ল কলেজের এই ঘটনা আর জি করের পুনরাবৃত্তি বলে WBJDF বিবৃতি দিয়ে জানিয়েছে।

রাজ্য বিজেপি সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আজ নদীয়ার ভাতজাংলায় সাংবাদিকদের কাছে বলেন, এরাজ্যে মহিলারা নিরাপত্তাহীনতায় ভুগছেন।

বাইট

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কসবায় গণধর্ষণের ঘটনায় মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন। বিজেপি যুব মোর্চার কর্মি-সমর্থকরা আজ কসবা থানার সামনে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান। প্রিজন ভ্যানে তাঁদের সরিয়ে নিয়ে যায় পুলিশ।

কংগ্রেসও আজ কসবা থানার সামনে বিক্ষোভ দেখিয়েছে। রাজ্যে জঙ্গলরাজ চলছে বলে অভিযোগ করে দল আগামীকাল রাজ্য জুড়ে বিক্ষোভ আন্দোলন করবে বলে জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার।

বাইট

SUCI (কমিউনিস্ট) কসবা আইন কলেজের ছাত্রী গণধর্ষণের ঘটনার তীব্র নিন্দার পাশাপাশি ন্যায় বিচার ও দুষ্কৃতীদের শাস্তির দাবি জানিয়েছে।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস ল কলেজে গণধর্ষণের ঘটনায় তীব্র নিন্দা করেছে। দলের তরফে আজ এক সাংবাদিক সম্মেলন করে নারী ও শিশুকল্যান মন্ত্রী শশী পাঁজা বলেন, উদ্দেশ্য প্রণোদিত ভাবে অপরাজিতা বিল আটকে রেখেছে বিজেপি। পুলিশ ঘটনার ১২ ঘন্টার মধ্যে পদক্ষেপ করেছে বলেও উল্লেখ করেন তিনি।

বাইট

সাউথ ক্যালকাটা ল কলেজের ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি JUTA। জুটার সাধারণ সম্পাদক অধ্যাপক পার্থ প্রতিম রায় ওই ঘটনার দ্রুত ন্যায় বিচার এর পাশাপাশি প্রত্যেক ক্যাম্পাসে নিরাপত্তা সুনিশ্চিত করার দাবি জানিয়েছেন।

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ব বিদ্যালয় শিক্ষক সমিতি- ওয়েবকুটা, ধর্ষনের ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে। সংগঠনের রাজ্য সভাপতি অধ্যাপক শুভদয় দাশগুপ্ত ও সাধারণ সম্পাদক অধ্যাপক কেশব ভট্টাচার্য আজ এক বিবৃতিতে, এই জঘন্য ঘটনায় পূর্ণাঙ্গ তদন্তের পাশাপাশি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করেন।

শিক্ষা প্রতিষ্ঠানে একজন ছাত্রীর গণধর্ষনের ঘটনা পশ্চিমবঙ্গের লজ্জা বলে আরজি কর হাসপাতালে ধর্ষিত তরুনী চিকিৎসকের মা মন্তব্য করেছেন। আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, প্রশাসনের মদতে, প্রভাবশালীদের ক্ষমতার অপব্যবহারের ফলেই এই ধরনের ঘটনা ঘটছে।

অসমর্থিত সূত্রে পাওয়া কোন খবরের ভিত্তিতে কসবা কান্ডের তদন্তকে প্রভাবিত করে, এমন কোন কথা সামাজিক মাধ্যমে প্রচার করা থেকে বিরত থাকার জন্যে

কলকাতা পুলিশ, সাধারন মানুষের কাছে আবেদন জানিয়েছে। যাদবপুর ডিভিশনের তরফে আজ সামাজিক মাধ্যমে এক পোস্টে এই আবেদন জানানো হয়।

-----------------------

কর্মীদের বকেয়া ২৫ শতাংশ ডিএ মেটানোর শীর্ষ আদালতের নির্দেশ পালনের জন্য আরও ছ'মাস সময় চেয়েছে রাজ্য সরকার। বিষয়টি নিয়ে সুপ্রিম কোর্টে স্পেশাল লিভ পিটিশন দায়ের করেছে রাজ্য সরকার। সুপ্রিম কোর্টে আবেদন জানিয়ে রাজ্য জানিয়েছে, তাদের এখন আর্থিক সঙ্কট রয়েছে। তাই বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মেটানোর জন্য আরও সময়ের প্রয়োজন। সুপ্রিম কোর্টের অন্তর্বর্তী নির্দেশ পুনর্বিবেচনারও আর্জি জানিয়েছে রাজ্য। পাশাপাশি পে কমিশনের সুপারিশ মানতেও রাজ্য সরকার বাধ্য নয়। কর্মচারীদের কত শতাংশ মহার্ঘ ভাতা তারা দেবে সে বিষয়ে রাজ্য সরকার নিজেই সিদ্ধান্ত নিতে পারে।

এর আগে DA মামলায় রাজ্যের মুখ্যসচিব এবং অর্থসচিবকে আইনি নোটিস পাঠায় সরকারি কর্মচারীদের সংগঠন কনফেডারেশন অফ স্টেট গভর্মেন্ট এমপ্লয়িজ।

বকেয়া ২৫ শতাংশ ডিএ না দিয়ে রাজ্য সরকার নিজেদের আর্থিক সীমাবদ্ধতার অজুহাতে যেভাবে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছে, রাজ্য সরকারি কর্মচারী এবং শিক্ষক সংগঠন গুলি তার তীব্র প্রতিবাদ জানিয়েছে। রাজ্য কো-অর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী বলেন, রাজ্যের বিভিন্ন উন্নয়ন মূলক কাজ রূপায়ণ করছেন রাজ্য সরকারি কর্মচারীরা। অথচ রাজ্য সরকার সেই কর্মচারীদের বঞ্চনা করছে। বকেয়া মহার্ঘ ভাতার দাবিতে আগামী চৌঠা জুলাই দু ঘণ্টা পেন ডাউন কর্মসূচির ডাক দেওয়া হয়েছে বলে তিনি জানান।

বাইট

-----------------------

নদীয়ার কালিগঞ্জের মালান্দি গ্রামে বোমার আঘাতে নিহত কিশোরী তামান্নার বাড়িতে গিয়ে তার পরিবারের সঙ্গে দেখা করেন রাজ্য বিজেপি সভারিত কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তামান্নার মা সাবিনা ইয়াসমিনের সঙ্গেও দীর্ঘক্ষণ কথা বলেন সুকান্ত বাবু। মালান্দি কান্ডে আরও এক অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। নবাব শেখ নামে ঐ ব্যক্তিকে আগামীকাল আদালতে তোলা হবে।

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯ শে জুন রবিবার আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।
এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

-----------------------

চিরাচরিত উৎসাহ ও উদ্দীপনায় রাজ্যের বিভিন্ন প্রান্তে আজ পালিত হচ্ছে রথযাত্রা উৎসব।

ওড়িশার পুরীতে এই রথযাত্রাকে ঘিরে সাজো সাজো রব। ইতিমধ্যেই জগন্নাথ মন্দির থেকে রথ গুন্ডিচা মন্দিরের উদ্দেশে রওনা দিয়েছে।

রাজ্য সরকারের মূল অনুষ্ঠানটি হচ্ছে দীঘায়। উপস্থিত রয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

হুগলী জেলার শ্রীরামপুরের মাহেশের ঐতিহ্যবাহী রথযাত্রা এ-বছর ৬২৯তম বর্ষে পদার্পণ করেছে। এই বছরেই মন্দিরে পুরীর আদলে সিদ্ধযোগে নীলচক্র স্থাপনা এবং ধ্বজা উত্তোলন করা হয়েছে। ১৩৯৬ বঙ্গাব্দে শুরু হওয়া এই ঐতিহ্যবাহী উৎসব দেখে শ্রীচৈতন্য মহাপ্রভু একে 'নব নীলাচল' নামে অভিহিত করেছিলেন।

অন্যদিকে, প্রায় তিনশো বছরের প্রাচীন হুগলীর গুপ্তিপাড়ার 'বৃন্দাবন জিউ'র রথযাত্রা, আড়াইশো বছরেরও বেশি পুরনো পূর্ব মেদিনীপুরের মহিষাদলের 'মদনগোপাল জিউ'র রথযাত্রাকে ঘিরেও অগনিত ভক্ত সমাগম হয়েছে।

কলকাতায় ইস্কনের রথযাত্রা উপলক্ষ্যে পুজার্চনার পাশাপাশি নেওয়া হয়েছে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা। কলকাতার এলবার্ট রোডের ইসকন মন্দির থেকে বেরিয়ে রথ দক্ষিণ কলকাতার বিভিন্ন পথ পরিক্রমা করে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে অস্থায়ী মাসির বাড়িতে পৌঁছয়।

নদীয়ার মায়াপুরে ইসকনের রাজাপুর জগন্নাথ মন্দির থেকে তিনটি সুসজ্জিত রথ মায়াপুরে অস্থায়ী গুন্ডিচা মন্দির এর উদ্দেশ্যে যাত্রা করে।

উত্তর কলকাতার বাগবাজার বলরাম মন্দিরে অন্যান্য বারের মতো এবারও ধর্মীয় ভাবধারায় পালিত হচ্ছে রথযাত্রা উৎসব।

কোচবিহারের মদনমোহন দেব এবার নতুন রথে মাসির বাড়ি যাচ্ছেন।

রথযাত্রা উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

-----------------------

উত্তর ওডিশা এবং সংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উপর অবস্থিত নিম্নচাপ অঞ্চলটি ক্রমশ দুর্বল হয়ে পড়ায় আজ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে, পূর্ব মেদিনীপুর এবং উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনার কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে।

-----------------------

কলকাতা লিগে ইস্টবেঙ্গল আজ বড় ব্যবধানে জয় পেয়েছে। নৈহাটি বঙ্কিমচন্দ্র স্টেডিয়ামে তারা ৭-১ গোলে মেসারার্সকে হারিয়ে দেয়। এই জয়ের ফলে ইস্টবেঙ্গল গ্রুপ-এ তে শীর্ষ স্থানে উঠে এলো।

অন্য ম্যাচে ক্যালকাটা কাস্টমস ২-১ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দেয়।

----------------------- -----------------------